

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১
www.mof.gov.bd

নং-অম/অবি/প্রবি-১/চারবিঃও/২০১০(অংশ-৩)/১২৯

তারিখ: ১৪/০৪/১৪১৭ বঙ্গাব্দ
২৯/০৭/২০১০ খ্রিঃ

বিষয়: অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) ভোগকালীন সময় পেনশন ও আনুভৌমিক পরিশোধ না করা সংক্রান্ত

সূত্র: সংস্থাপন মন্ত্রণালয়ের ১৭/৫/২০১০ খ্রিঃ তারিখের ০৫.১২২.০০৮.০৩.০০.০১৬.২০০১-১৫০ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ০৬/৪/২০১০ খ্রিঃ (১৩/১২/১৪১৬ বং) তারিখের অম/ অবি/ প্রবি-১/ চাঃ বিঃ-ও/২০১০ (অংশ-৩)/৬২ নং প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নরূপ নির্দেশনা জারি করা হয়েছে:-

- ক) আইনের ৪ ও 4A ধারার অধীনে প্রযোজ্য ক্ষেত্রে ৫৭ বা ৫৯ বছর পূর্তির দিনটি সংশ্লিষ্ট গণ কর্মকর্তা/ কর্মচারীগণের অবসর গ্রহণের দিন হিসেবে গণ্য হবে। বাংলাদেশ সার্ভিস রুল (পার্ট-১) এর বিধি ৭৯ এর বিধানমতে উক্ত দিনটি অকর্ম দিবস (নন-ওয়ার্কিং ডে) হিসাবে গণ্য হবে এবং উক্ত দিন হতে অবসর গ্রহণ কার্যকর হবে। তবে ছুটি পাওনা সাপেক্ষে অবসর গ্রহণের জন্য নির্ধারিত উক্ত দিনটির পরবর্তী দিন হতে সর্বোচ্চ ১ বছর পর্যন্ত একজন গণ কর্মকর্তা/ কর্মচারী অবসর উত্তর ছুটি ভোগ করতে পারবেন।
- খ) এ ক্ষেত্রে গণ কর্মকর্তা/ কর্মচারীগণের অবসরপ্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ের প্রাপ্ত সুযোগ সুবিধা সম্বলিত অন্যান্য সকল নির্দেশনা পূর্বের ন্যায় অবসর উত্তর ছুটিকালীন সময়ের বহাল থাকবে।

২। এমতাবস্থায়, অর্থ বিভাগের উক্ত প্রজ্ঞাপনের ১ (খ) উপানুচ্ছেদ মোতাবেক অবসর-উত্তর ছুটি (post Retirement Leave) ভোগকালীন সময়ে কোন কর্মকর্তা/ কর্মচারী অবসর মঞ্জুর করে একই সাথে তাঁর প্রাপ্য পেনশন ও আনুভৌমিক পরিশোধ করা যাবে না। কেবলমাত্র অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) শেষ হবার পরই সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণের পেনশন ও আনুভৌমিক পরিশোধ করতে হবে।

মোঃ ইউনুচ আলী খান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৭১৬৬০

সচিব,
সংস্থাপন মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-অম/অবি/বিধি-১/চারবিঃও/২০১০(অংশ-৩)/১২৯